শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ 100

ISO 9001:2015 CERTIFIED

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
GAZIPUR PALLI BIDYUT SAMITY-1.

সদর দপ্তর
চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮
ফ্যাক্স: ০২-৯২৬৪৩৮৮
E-Mail:gazipbs@yahoo.com
web: pbs1.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০২.০০৮.২৩. ৪৭৬৬ তারিখঃ- ০৮ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ / ২৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

বিষয়ঃ-দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি।

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন এলাকায় অবস্থিত ইনডোর উপকেন্দ্র সমূহের নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্য রাত্রিকালীন প্রহরার জন্য দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই) নিম্নবর্ণিত শর্তে নিয়োগের প্যানেল তৈরীর লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিক তবে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

ক্রঃ নং	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বয়সসীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
০১	দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী (পুরুষদের জন্য সংরক্ষিত)।	০৪ (চার) টি পদ (নিয়োগ প্রদানকালীন এর সংখ্যা কম/বেশী হতে পারে)।	১০/১০/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনূর্দ্ধ ৬৫ বছর (শারিরীকভাবে সক্ষম)। তবে ৬৫ বছর পূর্ণ হলে চাকুরীর যোগ্যতা হারাবেন।	(ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে। (খ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে। (গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে। ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	পবিস সমূহের নিরাপত্তা প্রহরীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা।	গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী (গাজীপুর সিটি কর্পোরেশনের আংশিক, গাজীপুর সদর উপজেলার আংশিক, শ্রীপুর উপজেলার আংশিক ও কালীগঞ্জ উপজেলা) শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

অন্যান্য শর্তাবলীঃ

০২। নির্ধারিত আবেদন ফর্ম(ভার্সন-০১) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট www.pbs1.gazipur. gov.bd হতে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১০/১০/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর-এর বরাবর ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে। ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদনকৃত ফরম ব্যতীত সাদা কাগজে, টাইপকৃত, অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ১০/১০/২০২৩ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ

ক) ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক ও নাগরিকত্ব সনদ।

ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। দাখিলকৃত সকল কাগজপত্রের অনুলিপি ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সীল থাকতে হবে।

চ) ডাউনলোডকৃত আবেদন ফর্ম, ফর্ম-এ উল্লেখিত যথাযথ নির্দেশা অনুযায়ী পূরণ করে প্রেরণ করতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল গণ্য হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে দৈনিক ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/= (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজার মূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন।

০৪। যেদিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেইদিনের জন্য ৪০০/= (চারশত) টাকা মজুরী পাবেন, এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পুর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

০৬। এধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোনক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহনযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।

০৭। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইলফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

০৯। প্রার্থীকে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইনডোর উপকেন্দ্র এর নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে।

১০। প্রার্থীকে কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিষ্ট্যার্ড চিকিৎসক/ পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থ্যতার সনদপত্র দাখিল করতে হবে।

১১। কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা সমিতির অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরৎ প্রদান করা হবে।

১২। অনুমতি প্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা কর্মীকে পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১৩। অবাধ্যতা, অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দূর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষনিকভাবে তার সেবা গ্রহন বন্ধ করা হবে।

১৪। যে কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৫। প্রার্থীকে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইনডোর উপকেন্দ্র এবং সুইচিং স্টেশনে নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে।

১৬। অসম্পুর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/ নির্বাচন/ অনুমতি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১৭। প্রার্থী বাছাই/ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। বাছাই/নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মুলকপি প্রদর্শন করতে হবে।

23.09.2023

(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
০২। কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা ।
০৪। পরিচালক, পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ।
০৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাজীপুর।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সদর/কালীগঞ্জ/শ্রীপুর।
০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ বিভাগ, গাজীপুর।
১০। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গাজীপুর।
১১। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১২। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
১৩। ডিজিএম (কারিগরী) সদর দপ্তর/ছায়াবিথী/বোর্ডবাজার/কোনাবাড়ী/কাশিমপুর/পূবাইল/কালীগঞ্জ জোনাল অফিস), গাজীপুর পবিস-১ (নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)।
১৪। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওন্ডএম/পিএন্ডএম/ইন্ডসি), গাজীপুর পবিস-১।
১৫। এজিএম (আইটি), গাজীপুর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১৬। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।
১৭। অফিস কপি/মাস্টার কপি।

23.09.23

(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার